# রাজশাহী সিটি কর্পোরেশন
# রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৫ম সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ ঃ ২৪ মার্চ ২০২৫
সময় ঃ বিকেল ৩:০০ ঘটিকা
স্থান ঃ সিটি হল সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ "ক"

সভার শুরুতে সভাপতি স্থানীয় সরকার কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ৫ম সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান। পবিত্র কালামেপাক হতে তেলোয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর নিম্নরুপ আলোচ্যসূচিভিত্তিক আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তবলী নিম্নরুপঃ

**আলোচ্যসূচি- ১ ঃ গত ০২ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ।**

**আলোচনা ঃ** গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে কোনরুপ সংযোজন ও বিয়োজনের প্রস্তাব আছে কিনা তা নিয়ে আলোচনা হয়। বিবিধ আলোচ্যসূচির (ঘ) এর সিদ্ধান্তে "পূর্ব প্রান্ত" কথাটির স্থলে "উত্তর প্রান্ত" হবে। মুদ্রণজনিত ত্রুটি সংশোধনের জন্য ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রস্তাব করেন। এ বিষয়ে ভিন্নমত প্রকাশ না করায় সর্বসম্মত্তভাবে সংশোধনের বিষয়ে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** গত ০২-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সাধারণ সভার বিবিধ আলোচ্যসূচি (ঘ) এর সিদ্ধান্তে শহীদ জিয়া শিশু পার্কটির "পূর্ব প্রান্ত" কথাটির স্থলে "উত্তর প্রান্ত" শব্দটি প্রতিস্থাপনপূর্বক গত ০২ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভায় গৃহীত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি- ২ ঃ শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির গত ২৩-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**

**আলোচনাঃ** উক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীতে (১) হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (এইচপিভি) টিকাদান ক্যাম্পেইন ২০২৪ এর ৯৭% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তা কর্পোরেশনকে অবহিত করা হয়েছে।
**সিদ্ধান্ত ঃ** সরকারী যে কোন কার্যক্রমে লক্ষ্যমাত্রা ১০০%অর্জনে সচেষ্ট হওয়ার প্রত্যয় ব্যক্ত করে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানানো হয়।

(২) সিটি হাসপাতালে ০১টি "মাইক্রোস্কোপ মেশিন" ও ০১টি "ল্যাবরেটেটর মেশিন" ক্রয়ের সুপারিশ করা হলেও তা ক্রয়ের জন্য সম্ভাব্য কোন প্রাক্কলন উল্লেখ করা হয়নি। এ বিষয়ে কত ক্রয়মূল্য হতে পারে সে বিষয়ে জিজ্ঞাসা করলে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাপতিকে কোন তথ্য দিতে অপারগ হন।

**সিদ্ধান্ত ঃ** হাসপাতালে জরুরী প্রয়োজন বিবেচিত হলে প্রয়োজনীয় চাহিদা ভান্ডার শাখায় দিয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে ঃ প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

(৩) ২৩টি ইপিআ্ই সুপারভাইজার পদ বাজেট অন্তর্ভুক্তি করে পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে আলোচনায় প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন, বাজেটে ২০টি পদ আছে। যার মধ্যে ০৭ টি পদ শুণ্য রয়েছে। এ বিষয়ে সভাপতি জানতে চাইলে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সাংগঠনিক কাঠামোর বাইরে বিধি বহির্ভুততভাবে সৃজিত বিভিন্ন শাখা/পদ ৩য় সভায় বিলুপ্ত করা হয়েছে। বাজেটে কোন পদ সৃজন করার আইনগত সুযোগ নাই। আইন বহির্ভুত প্রস্তাব সরকারী কর্মকর্তাগণের সভায় উপস্থাপন করা সমিচীন নয়। উপস্থিত সদস্যবর্গ আলোচ্য প্রস্তাবে নতুন পদ সৃজন/পরিবর্তন না করার বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির গত ২৩-০১-২০২৫ তারিখে সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ৩ এর প্রস্তাবিত সুপারভাইজার পদ সৃজন সংক্রান্ত সুপারিশ অগ্রহনযোগ্য মর্মে পূর্ববত কার্যক্রম অব্যহত রাখার পরামর্শ দেয় গেলো।

**আলোচ্যসূচি ঃ ৩। পরিচ্ছন্ন বিভাগে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে পরিচ্ছন্ন কর্মীদের আর্থিক অনুদান প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনাঃ** প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনে কঞ্জারভেন্সী বিভাগে ১৪১৫ (এক হাজার চারশত পনেরো) জন পরিচ্ছন্ন কর্মী আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে আর্থিক অনুদান প্রদানের জন্য জনপ্রতি ১০০০.০০ (এক হাজার) টাকা করে দেয়া হলে তারা তাদের কর্মে বা দায়িত্ব পালনে উৎসাহিত হবে। যেহেতু তারা অন্য কর্মচারীদের তুলনায় স্বাস্থ্য ঝুঁকিপূর্ণ দায়িত্ব পালন করে থাকেন। এবিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য/কাউন্সিলরগণের মতামত আহবান করা হলে সকলে একমত পোষণ করেন। অতঃপর সভায় দৃষ্টি আকর্ষণপূর্বক তত্ত্বাবধায়ক প্রকৌশলী বলেন যে, কর্পোরেশনের পারিবহন শাখার পরিচ্ছন্ন কাজে ২০ (বিশ) জন ট্রাক ড্রাইভার রাতের বেলা দায়িত্ব পালন করে থাকেন। তাদেরকেও অনুদান দেয়ার প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত ঃ ঈদ-উল-ফিতর উপলক্ষে পরিচ্ছন্ন বিভাগের ১৪১৫** (এক হাজার চারশত পনেরো) জন কর্মী এবং পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত ২০ (বিশ) জন ট্রাক ড্রাইভারসহ সর্বমোট ১৪৩৫ ( এক হাজার চারশত পয়ত্রিশ) জন কর্মীকে ১০০০.০০ (এক হাজার) টাকা করে আর্থিক অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। অন্য কোন বিভাগ এর কর্মচারীদের জন্য এ অনুদান সুবিধা প্রযোজ্য হবে না। বাস্তবায়নে ঃ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা/বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ঃ ৪। রাজশাহী কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন এর ১,২,৩ ও ৪ নং গেটের পার্টিশন গ্লাস, জানালা ও সুইং দরজার গ্লাস রিপায়ারিং ও নতুন গ্লাস স্থাপনে ৭,৩৪,৪৫৫.৯৪ (সাত লক্ষ চৌত্রিশ হাজার চারশত পঞ্চান্ন টাকা চুরানব্বই পয়সা) টাকা ব্যয় প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনাঃ** সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, রাজশাহী কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন এর ১,২,৩ ও ৪ নং গেটের পার্টিশন গ্লাস, জানালা ও সুইং দরজার গ্লাস রিপায়ারিং ও নতুন গ্লাস স্থাপনে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কাজটি সম্পাদন করা প্রয়োজন। আলোচনায় জানানো হয় উক্ত কাজগুলো সম্পন্ন করা হলে বাহ্যিক অবয়য় এবং নিরাপত্তার বিষয়টি জোরদার হবে। এ বিষয়ে সভায় একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে রাজশাহী কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন এর ১,২,৩ ও ৪ নং গেটের পার্টিশন গ্লাস, জানালা ও সুইং দরজার গ্লাস রিপায়ারিং ও নতুন গ্লাস স্থাপনে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কাজটি সম্পাদন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ঃ ৫। তারুন্যের উৎসব উদযাপন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনা** ঃ সভাপতির অনুমতিক্রমে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভায় বলেন পবিত্র ইদ-উল ফিতর এর পরে তারুন্যের উৎসব উদযাপন সংক্রান্ত কার্যক্রম হাতে নেয়া যেতে পারে। এ কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা যেতে পারে। পরবর্তীতে সভাপতি সকলকে অবহিত করেন যে তারুন্যের উৎসব উদযাপনে সরকার কর্তৃক নির্ধারিত সময় ইতিমধ্যে অতিক্রান্ত হয়েছে। এক্ষেত্রে তারুন্যের উৎসব উদযাপনে সরকার কর্তৃক নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় বিষয়টি স্থগিত রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ । সভায় বিস্তারিত আলোচনান্তে তারুন্যের উৎসব উদযাপনে সরকার কর্তৃক নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় উৎসবটি স্থগিত রাখার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

## ৬। বিবিধ।

**আলোচ্যসুচি ঃ আরবার প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট-২য় পর্যায় জনবল রাজশাহী সিটি কর্পোরেশনে অর্ন্তভূক্ত করণ প্রসঙ্গে।**

আলোচনা (৬.ক) ঃ অত্র সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, আরবার প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট-২য় পর্যায় আগামী জুন ২০২৫ তারিখে শেষ হবে। এ মেয়াদ শেষ হওয়ার পর কি হবে বা রাজশাহী সিটি কর্পোরেশন কিভাবে পরিচালিত করবে সে ব্যাপারে সিদ্ধান্ত হওয়া প্রয়োজন। তৎপ্রেক্ষিতে জানতে চান উক্ত প্রকল্পের মেয়াদ নতুন ভাবে বৃদ্ধি না করা হলে রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে কত টাকা সংস্থান করতে হবে। জবাবে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানান যে, প্রকল্পর কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ও অন্যান্য ব্যয় বাবদ বছরে প্রায় ৮.০০ (আট কোটি) টাকার প্রয়োজন হবে। তৎপ্রেক্ষিতে হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমানে রাজশাহী সিটি কর্পোরেশনের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক যেখানে প্রদান করা কষ্টকর হচ্ছে। সেখানে নতুনভাবে কোন জনবল বা কার্যক্রমের অর্থ যোগান দেয়া প্রায় অসম্ভব। প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমান বর্তমান পরিস্থিতিতে রাজশাহী সিটি কর্পোরেশনের হিসাব বিভাগের তথ্য অনুয়ায়ী বাৎসরিক ৮.০০ (আট কোটি) টাকা অতিরিক্ত ব্যয় করার আর্থিক সামর্থ নাই। প্রকল্পের মেয়াদ উর্ত্তিনের প্রেক্ষিতে জনগনের স্বাস্থ্য সেবা সুনিশ্চিত করণের লক্ষ্যে সিটি কর্পোরেশনে কর্মরত স্থায়ী/দৈনিক মজুরীভিত্তিক স্বাস্থ্য সহকর্মীদের দ্বারা প্রকল্পের কার্যক্রম চলমান রাখা যেতে পারে। এ বিষয়ে সভায় একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট-২য় পর্যায়ের মেয়াদ শেষ হলে প্রকল্পের জনবল রাজশাহী সিটি কর্পোরেশনে অর্ন্তভুক্ত করণে আর্থিক সিমাবদ্ধতা থাকায় মন্ত্রণালয় কর্তৃক এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানিয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট-২য় পর্যায়ের কার্যক্রমে সিটি কর্পোরেশনে কর্মরত জনস্বাস্থ্য বিভাগের স্থায়ী/দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদ্বারা কিভাবে পরিচালিত করা যায় সে বিষয়ে একটি প্রস্তাবনা তুলে ধরার জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে বলা হয়।

**আলোচ্যসূচি (৬.খ)** ঃ আলোচনায় প্রকাশ পায় যে, ওয়ার্ড কার্যালয়ে কর্মরত দৈনিক মজুরীভিত্তিক কিছু কর্মচারী পূর্ণ মাসের মজুরী প্রদানের জন্য আবেদন করেছেন। অত্র কপোরেশনের ৩০টি ওয়ার্ড কার্যালয়ে নিয়োজিত দৈনিক মজুরীভিত্তিক ওয়ার্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর ও এম এল এস এসগণ সাপ্তাহিক ছুটি শুক্রবারসহ পুর্ণ মাসের বেতন প্রদানের জন্য বেশ কিছুদিন হতে দাবি জানিয়ে আসছে। উল্লেখ্য যে, পূর্বে তারা পুর্ণ মাসের মজুরী পেত। তাদের কাজের পরিধি ও মানবিক দিক বিবেচনায় তাদেরকে পূর্নমাসের মজুরী প্রদান করার যায় কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/কাউন্সিলর তাদের পুর্ণ মাসের বেতন প্রদানের বিষয়ে সুপারিশ করেন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় নাগরিক সেবা সুনিশ্চিতকরণে ওয়ার্ড কার্যালয়ে কর্মরত দৈনিক মজুরীভিত্তিক ওয়ার্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর ও এম এল এস এস এর কাজের পরিধি বিবেচনায় পূর্ণ মাসের মজুরি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ সচিব/ বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচনা (৬.গ)**ঃ সম্প্রতি নিউমার্কেটে সবজি বাজারে অগ্নিকান্ডে কয়েকটি দোকাঘর ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়। ক্ষতিগ্রস্থ দোকানদারদের পুনর্বাসনের জন্য আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। সভায় উপস্থিত ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী এ বিষয়ে সভাকে অবহিত করেন যে, দোকানদারদের ক্ষতির পরিমান অত্যাধিক বেশী। সেক্ষেত্রে কর্পোরেশনের পক্ষ হতে আর্থিক সহায়তা প্রদান করা হলে ক্ষতিগ্রস্থ দোকানদারগণ কিছুটা উপকৃত হবে। ক্ষতিগ্রস্থ ১৭ ( সতেরো) জন দোকানদারদের পূনর্বাসনের জন্য দোকানদার প্রতি ২৫,০০০.০০ (পচিশ হাজার) টাকা হিসেবে সর্বমোট (২৫,০০০.০০ × ১৭ জন) = ৪,২৫,০০০.০০ (চার লক্ষ পঁচিশ হাজার) টাকা অনুদান প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** নিউমার্কেটে সবজি বাজারে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ১৭ ( সতেরো) জন ব্যবসায়িকে তাদের অনুকূলে আর্থিক সহায়তা হিসেবে (২৫,০০০.০০ × ১৭ জন) = ৪,২৫,০০০.০০ (চার লক্ষ পঁচিশ হাজার) টাকা অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান রাজস্ব কর্মকর্তা/ বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচনাঃ (৬.ঘ)** ঃ প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, রাজস্ব আদায় অব্যহত রাখার স্বার্থে পৌরকর আদায়, বাজারে দোকান ভাড়া আদায় ও ট্রেড লাইসেন্স ফি আদায় এ তিনটি (এপ্রিল-জুন) ৩ (তিন) মাস সারচার্জ মওকুফ করা যেতে পারে। আলোচায় প্রকাশ পায় যে সাজচার্জ মওকুফ করে যদি রাজস্ব আদায় বৃদ্ধি হয় সেক্ষেত্রে উক্ত তিনটি খাতে বকেয়ার উপর এপ্রিল, ২০২৫ মাসের সারচার্জ মওকুফ করার পক্ষে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে পৌরকর আদায়, বাজারে দোকান ভাড়া আদায় ও ট্রেড লাইসেন্স ফি আদায় এ তিনটি খাতে বকেয়া উপর এপ্রিল ২০২৫ মাসের জন্য সারচার্জ মওকুফ রাখার বিষয়টি সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান রাজস্ব কর্মকর্তা রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচনাঃ (৬.ঙ)** ঃ সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভাকে অবহিত করেন যে, মহানগরী এলাকায় বৈদ্যুতিক পোলে টেলিফোন লাইন এর তার, ডিসের তার ওয়াইফাই সংযোগর তারে জঞ্জাল সৃস্টি হয়েছে। যে কোন মুহূর্তে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। দূর্ঘটনা এড়াতে ঝঁকির্পূন লাইনগুলি ঝঁকিমুক্ত করার জন্য রাজশাহী সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিভাগ, নেসকো ও ফায়ার সার্ভি সিভিল ডিফেন্স সমন্বয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিভাগ, নেসকো ও ফায়ার সার্ভি সিভিল ডিফেন্স সমন্বয়ে পদক্ষেপ গ্রহণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) রাজশাহী সিটি কর্পোরেশন।

প্রধান নির্বাহী কর্মকর্তা সভার দৃষ্টি আকর্ষন করে সভাকে অবহিত করেন যে, বর্তমানে কর্পোরেশনে সচিব ও এক্সিকিউটি ম্যাজিস্ট্রেট পদগুলো শুণ্য থাকায় উক্ত পদসমূহে প্রেষণে পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। এছাড়াও আগামী ১৬-০৪-২০২৫ তারিখে ০১ (এক) বছর পূর্তিতে তাঁর চুক্তিভিত্তিক চাকরির মেয়াদ অবসান হবে। সেক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা পদটি যাতে শুন্য না হয়ে পড়ে সে জন্য তিনি পরিষদের সভার দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট পদগুলো প্রেষণে উপযুক্ত সরকারী কর্মকর্তা দ্বারা পুরণের জন্য স্থানীয় সরকার বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিবিধ প্রসঙ্গে উপস্থাপিত না হওয়ায় সকলের অংশগ্রহণের সত্বস্ফুর্ততা ও সহোযোগিতা জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

(খোন্দকার আজিম আহমেদ এনডিসি)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪. তারিখঃ চৈত্র ১৪৩১ / এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল), রাজশাহী।
৪। পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা), রাজশাহী।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/ প্রাথমিক শিক্ষা, রাজশাহী।
৯। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী।

১০। বিভাগীয় প্রধান .........................................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।
১১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন।
১২। বিভাগীয় কমিশনার এঁর একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী (বিভাগীয় কমিশনার ও প্রশাসক রজাশাহী সিটি কর্পোরেশন এর সদয় অবগতির জন্য)।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী।
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন।
১৫। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপারেশন), রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
১৬। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী।
১৭। সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী।
১৮। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী।

১৯। ........................................................................ রাজশাহী সিটি কর্পোরেশন।
২০। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। সচিবের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (সচিবের অবগতির জন্য) ।
২২। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন